

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৬৭০৪.০০১.০১৩.০০৩.১৮- ২২২

তারিখ: ২৯ জানুয়ারি ২০২০ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র নারায়ণগঞ্জ সদর উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার নারী/পুরুষ এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রশিক্ষণ: ৪০০/- (প্রতিদিন) পারিতোষিক: ৮৫০০/ (ভ্যাট ও ট্যাক্সসহ)	১) ন্যূনতম উচ্চমাধ্যমিক পাস বা সমমান হতে হবে তবে স্নাতক উত্তীর্ণগণ অন্যান্য যোগ্যতা পূরণসাপেক্ষে অগ্রাধিকার পাবেন। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং স্মার্ট ফোন চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্ট ফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। স্মার্টফোনের ডিসপ্লে ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) সহজে বোধগম্য ইংরেজি হাতের লেখার অধিকারী হতে হবে। ৫) পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/ গণনাকারী	প্রশিক্ষণ: ৪০০/- প্রতিদিন। পারিতোষিক: ৮০০০/ (ভ্যাট ও ট্যাক্সসহ)	১) ন্যূনতম উচ্চ মাধ্যমিক বা সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং স্মার্ট ফোন চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্ট ফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। স্মার্টফোনের ডিসপ্লে ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) সহজে বোধগম্য ইংরেজি হাতের লেখার অধিকারী হতে হবে।


বি:দ্র: উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরণের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

শর্তাবলী:

- ১) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মাঠে ৩৫০-৪০০ খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি ২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মাঠে ১০০- ১২০ খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- ২) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে।
- ৩) অন্য কোন পেশায় (যেমন: কিন্ডার গার্টেনের শিক্ষক/ইউনিয়ন বা ওয়ার্ড সচিব) নিয়োজিত কেউ আবেদন করতে পারবেন না। পরবর্তীতে এরকম প্রমাণ পেলে তৎক্ষণাৎ নিয়োগে কমিটি তাদেরকে বাদ দেয়ার ক্ষমতা রাখেন।
- ৪) প্রয়োজনে নিজের মহল্লা/ওয়ার্ড ব্যতিরেকে অন্য ওয়ার্ড/মহল্লায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- ৫) সকল পদের আবেদন ফরম আগামী ০৩/০২/২০২০ইং তারিখের মধ্যে নারায়ণগঞ্জ সদর উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- ৬) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবেনা।
- ৭) মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
- ৮) খামের উপরে পদের নাম লিখে উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর বরাবর আবেদন পত্রটি জমা দিতে হবে (একজন প্রার্থী শুধুমাত্র একটি পদে আবেদন করতে পারবে)।

অন্যান্য তথ্যাবলী:

- ১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নারায়ণগঞ্জ সদর ওয়েবসাইট (www.narayanganjganjsadar.narayanganj.gov.bd) এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়, নারায়ণগঞ্জ সদর ওয়েবসাইট (www.bbs.narayanganjsadar.narayanganj.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।
- ২) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণ কে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৩) লিস্টিং অপারেশনে নিয়োজিত কর্মীগণের কার্যক্রম সন্তোষজনক হলে তারা মূল শুমারিতেও গণনাকারী ও সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ৪) আগামী ০৫/০২/২০২০ইং তারিখ (কুতুবপুর, ফতুল্লা, এনায়েতনগর ইউপি), ০৬/০২/২০২০ইং তারিখ (কাশীপুর, বক্তাবলী, আলীরটেক ও গোপনগর ইউপি) প্রতিদিন সকাল ১১.০০ ঘটিকা থেকে প্রার্থীদের মৌখিক পরীক্ষা উপজেলা পরিসংখ্যান অফিস, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ এ নেয়া হবে।
- ৫) লিস্টিং অপারেশনের জন্য চূড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা পরিসংখ্যান কার্যালয় এর নোটিশ বোর্ড এ প্রকাশ করা হবে।
- ৬) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে অগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক বাতিল বলে গণ্য হবে।
- ৭) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৮) বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন : মোঃ আব্দুল আজিজ মিয়া (০১৭২৭-৬৭৯৫৪৮), মোঃ রেহান উদ্দিন (০১৬৮৫-৫৬৫০৭১)


(নাহিদা বারিক) ২৭/০১/২০২০

উপজেলা নির্বাহী অফিসার
নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ
সভাপতি

গণনাকারী ও সুপারভাইজার যাচাই বাছাই কমিটি
জনশুমারি ও গৃহগণনা ২০২১

M6